# জুলাই ২০২৩ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মোঃ আশরাফুল আলম সরকার
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
তারিখ ঃ ১৩ জুলাই ২০২৩ খ্রিঃ।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।
অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে জনাব মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) গত ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি প্রকল্পের কাজ সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় সুন্দরভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন হরিপুর-চিলমারী ১৪৯০ মিটার তিস্তা ব্রীজের নির্মান কাজ চলমান রয়েছে। আগামী ২০২৪ সালের জুন মাসের মধ্যেই ব্রীজের কাজ শেষ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবগত করেন। | ২০২৩-২০২৪ অর্থ বছরের এডিপি'র অগ্রাধিকার প্রকল্প তালিকা দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল দপ্তর |
| ২. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, সুন্দরগঞ্জ পৌরসভাস্থ কাচা বাজারের জায়গায় বিশ্বব্যংকের সহযোগিতায় আধুনিক মানের কসাইখানা নির্মাণে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, বর্তমানে গবাদি পশুর লাম্পি স্কিন ডিসিস ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। এ রোগ দেখা দিলে প্রাথমিকভাবে গোয়ালঘর পরিস্কার রাখা, মশা-মাছি হতে গবাদি পশুকে আলাদা রাখার উপর গুরুত্বারোপ করেন। উপজেলা প্রাণিসম্পদ অফিসে যোগাযোগ করে প্রয়োজনীয় সহযোগিতা গ্রহণের আহবান জানান। এছাড়াও উঠান বৈঠক করে লাম্পি স্কিন ডিসিস সম্পর্কে ধারনা প্রদান করা হচ্ছে। | লাম্পি স্কিন ডিসিস প্রতিরোধে প্রাণি সম্পদ বিভাগকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৩. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার কৃষক/ খামারিদের জানান, আগামি ২৫ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরে র‍্যালি এবং বরাদ্দকৃত অর্থে উপজেলা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করা হবে। তিনি জানান ১ জন সফল মৎস্য খামারিকে পুরস্কার প্রদানের লক্ষ্যে মনোনয়ন কার্যক্রম হাতে নেয়া হয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মৎস্য সপ্তাহ উদযাপনে সংশ্লিষ্ট সকলকে সঠিকভাবে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৪. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে জানান, বর্তমান তাপদাহের কারনে মাঠে পানি সেচ দিয়ে ধান লাগানোর চেষ্টা করা হচ্ছে। তিনি জানান সুন্দরগঞ্জ উপজেলা তুলনামূলক উচু নীচু হওয়ায় বোরো, আউশ ও আমন ধানের চাষাবাদ তুলনামূলক বেশি হয়ে থাকে। তবে বর্তমান আবহাওয়া কিছুটা খরা প্রবন হওয়ায় কৃষি উৎপাদনের জন্য সেচ সংযোগ চালু রাখাসহ বন্ধ সেচ পাম্প চালু রাখার জন্য বিএডিসি ও ডিজিএম পল্লী বিদ্যুৎ এর সহযোগিতা কামনা করেন। এছাড়াও কৃষকদের প্রয়োজনীয় কৃষি বিষয়ক পরামর্শ প্রদান অব্যহত আছে বলে জানান। | কৃষি উৎপাদনের সুবিধার্থে সেচ সংযোগ সবসময় চালু রাখতে হবে। সমসাময়িক কৃষি চাষাবাদে কৃষকদের নিবিড়ভাবে সহযোগিতা করতে হবে এবং প্রয়োজনীয় কৃষি বিষয়ক পরামর্শ প্রদান অব্যহত রাখতে হবে। | উপজেলা কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জানান এ উপজেলা ৬টি পরিবার কল্যাণ কেন্দ্র আছে। ৩টি মমতা প্রজেক্টের সহযোগিতায় নরমাল ডেলিভেরি করানো হয়। তিনি বলেন, মা ও শিশু স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে নিয়মিত উঠান বৈঠক কার্যক্রম চলমান আছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্রে নরমাল ডেলিভেরির সুবিধা গ্রহণের বিষয়টি বহুল প্রচারের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও ইউপি চেয়ারম্যান সকল |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পর্যায়ের যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে তার তালিকা উপজেলা পরিষদকে অবগত করার জন্য অনুরোধ জানান। | যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে তার তালিকা উপজেলা পরিষদকে অবগত করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ৮. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার/ সংশ্লিষ্ট সকল |
| ১০ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১১. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে, তা সুষ্ঠ সুন্দরভাবে সম্পন্ন করতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন এ উপজেলায় ৩টি প্রতিষ্ঠান, ভোরের পাখি সরকারি প্রাথমিক বিদ্যালয়, ভাটি বুড়াইল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং কাপাসিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় নদী ভঙ্গনের কবলে পড়েছে। নদী ভাঙ্গনের কবল হতে রক্ষার্থে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি আরো জানান সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহের শিক্ষার মান বৃদ্ধিতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে নিয়মিত বিদ্যালয় পরিদর্শণের অনুরোধ জানান। | যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় নদী ভঙ্গনের হুমকির মুখে তার তালিকা প্রস্তুত করে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |
| ১২. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভায় অনপুস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১৩ | সামাজিক বন বিভাগ | ফরেস্টার, উপজেলা বন বিভাগ, সভাকে জানান, ৫ জুন-১৫ সেপ্টেম্বর/২৩ পর্যন্ত ঢাকায় বৃক্ষ মেলা শুরু হয়েছে। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে সকলের বসতবাড়ীতে নূন্যতম ৩টি গাছের চারা লাগানোর অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার, উপপরিচালক, স্থানীয় সরকার মহোদয়ের নির্দেশনা মোতাবেক সকল ইউপি চেয়ারম্যানগনকে ইউনিয়ন পরিষদে ৩০০০ গাছের চারা রোপনের অনুরোধ জানান। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মতে প্রতিটি বসতবাড়ীতে ৩টি করে গাছের চারা রোপন করতে হবে। | ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার জানান, আগামি ১৭ জুলাই চন্ডিপুর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সবধরণের প্রস্তুতি নেয়া হচ্ছে। নির্বাচন যাতে সুষ্ঠু, সুন্দরভাবে সম্পন্ন করা যায় সে জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ সুষ্ঠু নির্বাচনের জন্য দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তাগণকে সঠিকভাবে দায়িত্ব পালনের উপর গুরুত্বরোপ করেন। | চন্ডিপুর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন সুষ্ঠু-নিরপেক্ষভাবে অনুষ্ঠানে সকলকে সঠিক সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা নির্বাচন অফিস<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইজিপিপি কার্যক্রম চলমান রয়েছে, দ্রুত তালিকা প্রদানের জন্য সকল- ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। রামজীবন ইউনিয়নের ১৩০ টি 'ক' শ্রেণীর ঘরে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের জন্য ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জ এর সহযোগিতা কামনা করেন। তার বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বলেন, কোন উপকারভোগী পরিবর্তন না করার উপর গুরুত্বারোপ করেন। | ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বরাদ্দকৃত ভিজিএফ সঠিকভাবে বিতরণ নিশ্চিত করতে হবে।<br>২য় ও ৩য় পর্যায়ে নির্মিত 'ক' শ্রেণীর ঘরে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।<br>ইজিপিপি প্রকল্পের উপকারভোগী পরিবর্তন করা যাবে না। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার/ডিজিএম পল্লী বিদ্যুৎ/ ইউপি চেয়ারম্যান<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১৬ | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ, সুন্দরগঞ্জ জানান, সুন্দরগঞ্জ উপজেলায় "ক" শ্রেণীর ১ম,২য় ও ৩য় পর্যায়ে নির্মিত ৭০০ টির বেশি ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। তিনি জানান ৪র্থ পর্যায়ে নির্মিত ঘরের মধ্যে ১৩ টি ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। এ মাসের মধ্যেই অবশিষ্ট ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান করা সম্ভব হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। | অবৈধ সংযোগকারীদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ্রাহকদের বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে ডিজিএম পল্লী বিদ্যুৎ-কে সহযোগিতা করতে হবে।<br>"ক" শ্রেণীর ঘরগুলোতে দ্রুত বিদ্যুৎ সংযোগ দিতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ,<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১৭ | মহিলা বিষয়ক কর্মকর্তা | মহিলা বিষয়ক কর্মকর্তা, মা ও শিশু ভাতাভোগীর তালিকা অফিসে জমা দেয়ার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। আবৃত্তি শিক্ষক ও সংগীত শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। । | ভিডাব্লিউবি এবং মা ও শিশু ভাতার সুবিধাভোগী নির্বাচনে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের সাতে সমন্বয় করতে হবে।<br>তালিকা হতে কোন নাম বাদ পড়লে তা যাচাইপূর্বক সমম্বয় করতে হবে।<br>আবৃতি শিক্ষক ও সংগীত শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি বহুল প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১৮ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপজেলা জনস্বাস্থ্য অফিসার জানান মুজিববর্ষ উপলক্ষ্যে বরাদ্দকৃত টিউবওয়েল স্থাপনের কাজ চলমান রয়েছে। শহিদ মিনার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ওয়াস ব্লক নির্মাণ কাজ শেষ দিকে। ২০২৫ সালের মধ্যে ওয়াস ব্লক স্থাপনের কাজ ১০০% শেষ হবে বলে আশাবাদ ব্যাক্ত করেন। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মুজিববর্ষের নির্মিত "ক" শ্রেণীর ঘরগুলোতে নলকূপ স্থাপনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য)<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১৯ | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, এ উপজেলায় ওয়েব পোর্টাল হালনাগাদ করণের জন্য প্রতিটি দপ্তরের ১ (এক) জন স্টাফকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>প্রত্যেক সভায় সকল দপ্তরের ওয়েব পোর্টাল সম্পর্কে রিপোর্ট উপস্থাপন করবেন | সকল দপ্তরকে দ্রুত ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে।<br>প্রত্যেক সভায় সকল দপ্তরের ওয়েব পোর্টাল সম্পর্কে রিপোর্ট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রার আইসিটি<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ২০ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান তার দপ্তরে কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে বরাদ্দ না পাওয়ায় উঠান বৈঠক কার্যক্রম আপাতত;বন্ধ আছে। | বরাদ্দ পাওয়া মাত্র উঠান বৈঠকসহ দাপ্তরিক অন্যান্য সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা |
| ২১ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার, জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ২২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপজেলা (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |
| ২৪ | স্টেশন মাস্টার (ফায়ার সার্ভিস) | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস, সভায় জানান, ফায়ার সার্ভিসের পুরাতন মোবাইল নম্বর টি পরিবর্তন করা হয়েছে। বর্তমান মোবাইল নম্বর ০১৯০১০২৩৩২৭। তবে পুরাতন মোবাইল নম্বরটি জন সাধারণের সুবিধার্থে আরো ২-৩ মাস চালু রাখা হবে। তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নতুন ০১৯০১০২৩৩২৭ নম্বরটি সর্বসাধারণের মাঝে প্রচারের সিদ্ধান্ত গৃহীত হয়। | স্টেশন মাস্টার, ফায়ার সার্ভিস |
| ২৫ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটর (ইউজিডিপি) সভায় বলেন তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা ডেপলপমেন্ট ফ্যাসিলেটর (ইউজিডিপি) |
| ২৬ | অন্যান্য বিভাগীয় কর্মকর্তা | উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনুপস্থিত কর্মকর্তাদের দপ্তর সম্পর্কে আলোচনা করা সম্ভব না হওয়ায় তাদেরকে উপজেলা পরিষদের আগামী মাসিক সভাসহ প্রতিটি সভায় নিয়মিতভাবে উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের তথ্যাদি সভাকে অবহিত করার উপর গুরুত্বারোপ করা হয়। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | বিভাগীয়/দপ্তর/ অফিস প্রধানগণ |
| ২৭ | অফিসার ইন চার্জ সুন্দরগঞ্জ থানা | অফিসার ইনচার্জ সুন্দরগঞ্জ থানা, সভায় জানান বর্তমানে জনসাধারণের চাহিদা অনুযায়ী তড়িৎগতিতে সেবা প্রদান করা হচ্ছে। এবং তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যহত রাখতে হবে। | অফিসার ইন চার্জ, সুন্দরগঞ্জ থানা |
| ২৮ | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | কোন কারণে কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকতে না পারলে, অনুপস্থিতির কারণ সভা অনুষ্ঠানের পূর্বেই উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে। উপজেলা মাসিক সমন্বয় সভার জন্য নির্ধারিত দিনে সমন্বয় সভাকে সর্বাধিক গুরুত্ব দিতে হবে। | মেয়র সুন্দরগঞ্জ পৌরসভা ও সংশ্লিস্ট সকল |
| ২৯ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিল ব্যবহারের পর ২,২৫,১৭,৯৩৮.৩৫/- (দুই কোটি পচিশ লক্ষ সতেরো হাজার নয়শত আটত্রিশ টাকা পয়ত্রিশ পয়সা) টাকা অব্যয়িত আছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫ (গ) নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করার উপর গুরুত্বারোপ করেন।<br>বর্তমানে সারাদেশে ডেঙ্গু ব্যাপক আকার ধারণ করেছে। ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে সরকারি/বেসরকারি অফিস, আবাসিক ভাবনের ছাদ ও ভবনের আশ পাশের আগাছা পরিস্কার পরিছন্ন রাখার গুরুত্বারোপ করেন। তিনি উপজেলার সকল দপ্তর একে অপরের সাথে কাজ করার উপর গুরুত্বারোপ করেন। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক যথাসময়ে বাস্তবায়ন করার জন্য আহবান জানান। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৫ (গ) নির্দেশনা মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব তহবিলের অব্যয়িত ২,২৫,১৭,৯৩৮.৩৫/- (দুই কোটি পচিশ লক্ষ সতেরো হাজার নয়শত আটত্রিশ টাকা পয়ত্রিশ পয়সা) টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে জমা করতে হবে।<br>ডেঙ্গু নিয়ন্ত্রনে উপজেলার সকল অফিস ভবন পরিস্কার পরিছন্ন রাখতে হবে।<br>গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক যথাসময়ে নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিস্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩০ | জনাব মোঃ আশরাফুল আলম সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় সকল সদস্যগণকে যথাসময়ে সভা অনুষ্ঠনের বিষয়ে যত্নবান হওয়ার উপর গুরুত্বারোপ করেন। তিনি বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে সকলকে আন্তরিক হওয়ার আহবান জানান। তিনি বলেন, সকাল কাজে সকলকে কাজ করতে হবে। চন্ডিপুর ইউনিয়ন পরিষদ নির্বাচন অবাধ সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সকলের সহযোগিতা কামনা করেন। সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে সকলের প্রতি আহবান জানান। | উপজেলার সকল বিভাগ ও দপ্তরকে সমন্বয় করে উন্নয়নমূলক কর্মকান্ড পারিচালন করতে হবে।<br>আসন্ন চন্ডিপুর ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সকলকে সহযোগিতা করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/ সকল কর্মকর্তা-কর্মচারী ও সংশ্লিষ্ট সকল |

**০৯/০৬/২০২৩ হতে ১৩/৭/২০২৩ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ক | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের জুন -২৩ মাসের সম্মানী ভাতা বাবদ ব্যয় | ঃ | ৯৯,০০০/- |
| খ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদের জুন -২৩ মাসের ভ্রমণ ভাতা বাবদ ব্যয় | ঃ | ৩৫,৭৫০/- |
| গ | জুন -২৩ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় | ঃ | ৩৫,০০০/- |
| ঘ | জুন -২৩ মাসের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল অপ্রত্যাশিত খাতের ব্যয় | ঃ | ৬৬,০০০/- |
| ঙ | জুন -২৩ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের মজুরী বাবদ ব্যয় | ঃ | ১৮,০০০/- |
| চ | জুন -২৩ মাসের উপজেলা পরিষদ জীপ গাড়ী নং- গাইবান্ধা ঘ-১১- ০০২২ এর জ্বালানী বাবদ ব্যয় | ঃ | ৩১,৩৯৫/- |
| ছ | জুন -২৩ মাসের উপজেলা পরিষদের আওতায় বিভিন্ন মিটারের বিদ্যুৎ বিল বাবদ ব্যয় | ঃ | ৩৩,০৫৫/- |
| জ | জুন -২৩ পানির পাম্প রক্ষণাবেক্ষন/ মেরামত বিল বাবদ ব্যয় | ঃ | ৫৮.৪৭০/- |
| ঝ | জুন-২৩ মাসের আনুষাঙ্গিক ব্যয় - | ঃ | ২৬,৪৪৫/- |
| ঞ | জুন-২৩ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট বিল ব্যয় | ঃ | ১২,৬০০/- |
| ট | জুন-২৩ মাসের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/সংরক্ষণ/রংকরণ ব্যয় | ঃ | ৮,০০,০০০/- |
| ঠ | জুন- ২৩ মাসের উপজেলা রাজস্ব তহবিলের অর্থে মশক নিধন ব্যয় | ঃ | ১,৫০,০০০/- |
| ড | জুন-২৩ মাসের উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বর্জ্য ব্যবস্থাপনা/পরিস্কার-পরিছন্নতা ব্যয় | ঃ | ৭৩,০০০/- |
| ঢ | মে-জুন-২৩ মাসের উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ তহবিলে অর্থ জমা মূল বেতনের ১০% হারে | ঃ | ৯,৬৭০/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮/৭/২০২৩

(মোঃ আশরাফুল আলম সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- ৪৯৪ (৪৫)

তারিখ ঃ ২৯ আষাঢ় ১৪৩০ / ১৩ জুলাই ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯, গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ)।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৭। মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, গাইবান্ধা।
০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
১০। উপজেলা . . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
১১। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা।
১২। চেয়ারম্যান, . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।

(মোহাম্মদ নূর-এ-আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd

১৩/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের জুলাই-২০২৩ মাসের মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ

পরিশিষ্ট -'ক'

| ক্র | নাম/পদবী | প্রতিনিধি | স্বাক্ষরিত |
|---|---|---|---|
| ১. | মোঃ আশরাফুল আলম সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২. | মোঃ সফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩. | মোছাঃ উম্মে সালমা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সুন্দরগঞ্জ,-গাইবান্ধা। | | " |
| ৪. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৫. | চেয়ারম্যান, সোনারায় ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৬. | চেয়ারম্যান, তারাপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৭. | চেয়ারম্যান, বেলকা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৮. | চেয়ারম্যান, রামজীবন ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৯. | চেয়ারম্যান, ধোপাডাঙ্গা ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১০. | চেয়ারম্যান, ছাপড়হাটী ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১১. | চেয়ারম্যান, শান্তিরাম ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১২. | চেয়ারম্যান, কঞ্চিবাড়ী ইউনিয় পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৩. | চেয়ারম্যান, শ্রীপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৪. | উপজেলা প্রানিসম্পদ অফিসার সুন্দরগঞ্জ,গাইবান্ধা | | " |
| ১৫. | উপজেলা কৃষি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৬. | উপজেলা মৎস্য অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা | | " |
| ১৭. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি,সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ১৮. | অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ থানা, গাইবান্ধা | | " |
| ১৯. | উপজেলা নির্বাচন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২০. | উপজেলা শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২২. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৩. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা | | " |
| ২৪. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৫. | উপজেলা যুব উন্নয়ন অফিসার , সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৬. | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৭. | উপজেলা সমবায় অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৮. | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) , সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ২৯. | ডিজিএম,পল্লী বিদ্যুৎ, জোনাল অফিস, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩০. | উপজেলা ফরেস্টার, বন বিভাগ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩১. | সমম্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩২. | সহকারী প্রোগ্রামার, (আইসিটি), সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩৩. | স্টেশন ইনচার্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | | " |
| ৩৪. | উপজেলা ডেপরপমেন্ট ফেসিলেটর (ইউডিএফ- জাইকা) | | " |

অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'খ'

| | | |
|---|---|---|
| ১. | মেয়র, সুন্দরগঞ্জ পৌরসভা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ২. | চেয়ারম্যান, দহবন্দ ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৩. | চেয়ারম্যান, সর্বানন্দ, ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৪. | চেয়ারম্যান, হরিপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৫. | চেয়ারম্যান, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৬. | চেয়ারম্যান, কাপাসিয়াম ইউনিয়ন পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৭. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সুন্দরগঞ্জ,গাইবান্ধা | |
| ৮. | উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ১০. | উপজেলা পরিসংখ্যান অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ১১. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা | |
| ১২. | সহকারী প্রকৌশলী বিএডিসি (ক্ষুদ্র সেচ প্রকল্প), সুন্দরগঞ্জ | |

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ নূর-এ-আলম)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা